

বর্গাঢ় আয়োজনে গাজী মেডিকেলের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত



প্রতিষ্ঠাবার্ষিকীতে খুলনার গাজী মেডিকেল কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের শোভাযাত্রা। ছবি :
বিজ্ঞপ্তি

নানা আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হলো খুলনার গাজী মেডিকেল কলেজের সপ্তম
প্রতিষ্ঠাবার্ষিকী।

এ উপলক্ষে গত সোমবার একটি বর্গাঢ় শোভাযাত্রা কলেজ ভবনের সামনে থেকে বের হয়ে
সোনাডাঙ্গা বাস টার্মিনাল হয়ে শিববাড়ী গোলচব্বর প্রদক্ষিণ করে। শোভাযাত্রায় ছাত্রছাত্রী,
শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শুভানুধ্যায়ী অংশগ্রহণ করেন। এ ছাড়া আলোচনা সভা, কেক কাটা
এবং রক্তদান কর্মসূচিসহ দিনভর নানা আয়োজন ছিল। শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী এবং
রোগীদের মধ্যে মিষ্টি বিতরণ করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত সভায় বক্তব্য দেন কলেজটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ডা.
গাজী মিজানুর রহমান, অধ্যক্ষ অধ্যাপক ডা. মনোজ কুমার বোস, উপাধ্যক্ষ ডা. বঙ্গ কমল বসু,
হাসপাতালের পরিচালক ডা. আনন্দ মোহন সাহাসহ বিভাগীয় প্রধানরা।



বক্তারা বলেন, মানবসেবার মনোবৃত্তি এবং দেশপ্রেমের আলোকে আগামী দিনে চিকিৎসকদের উজ্জীবিত করে গড়ে তুলতে হবে। জ্ঞান-বিজ্ঞানের অভূতপূর্ব উন্নতি ও অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে চিকিৎসা ব্যবস্থাকে সঠিক ও সুন্দর পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আহ্বান জানান বক্তারা।

গাজী মেডিকেল কলেজ খুলনার প্রথম বেসরকারি মেডিকেল কলেজ। বর্তমানে কলেজটিতে অধ্যয়নরত আছেন ছয় শতাধিক শিক্ষার্থী। ভারত, নেপাল এবং সার্কভুক্ত অন্যান্য দেশ থেকে আসা প্রায় দেড়শ ছাত্রছাত্রী এখানে পড়াশোনা করছেন।

মেধা বিনিময়ের মাধ্যম হিসেবে বছরজুড়ে থাকে সেমিনার, সিম্পোজিয়াম, প্রকাশনা এবং বহিরাগত সেরা শিক্ষকদের লেকচার ক্লাস। গবেষণাধর্মী বিভিন্ন লেখা নিয়ে প্রতিষ্ঠানটির নিজস্ব প্রকাশনা থেকে বের হয় 'মেডিস্কেপ'। এরই মধ্যে কলেজটি অর্জন করেছে আন্তর্জাতিক স্বীকৃতি 'বেস্ট মেডিকেল কলেজ অ্যাওয়ার্ড-২০১৫'।